

## বিশ্বে সবচেয়ে বেশি ব্যবহৃত কিছু সফটওয়্যার

- A Monitor Desk Report

Date: 18 September, 2023



ঢাকা : প্রতিনিয়ত বিশ্বব্যাপী স্মার্টফোনের চাহিদা বাড়ছে। মূলত একটি ডিভাইসে বিভিন্ন অ্যাপ ব্যবহারের সুবিধা, ইন্টারনেট ব্রাউজিংসহ বিভিন্ন সুবিধা রয়েছে। এসব অ্যাপের চাহিদাও বাড়ছে। তবে কিছু অ্যাপের জনপ্রিয়তা বা চাহিদা প্রতিনিয়ত বাড়ছে। ডিম্যান্ড সেজ সূত্রে এসব অ্যাপের বিষয়ে জানা গেছে।

**ফেসবুক:** সামাজিক যোগাযোগমাধ্যম হিসেবে সবচেয়ে বেশি পরিচিত ফেসবুক। মেটার তথ্য মতে, ২০২৩ সাল পর্যন্ত বিশ্বব্যাপী ফেসবুক ব্যবহারকারীর সংখ্যা ৩০৩ কোটির বেশি। নতুন সব ফিচারের মাধ্যমে ব্যবহারকারীদের প্লাটফর্মে নিয়ে এসেছে কোম্পানিটি। এসব ফিচারের কারণেই প্লাটফর্মটির জনপ্রিয়তা বাড়ছে।

**হোয়াটসঅ্যাপ:** ফেসবুকের পর মেসেজিংয়ের জন্য পরিচিত অ্যাপ হচ্ছে হোয়াটসঅ্যাপ। বর্তমানে এর ব্যবহারকারী ২৭০ কোটির বেশি বলে সূত্রে জানা গেছে। গুরুত্বপূর্ণ তথ্য আদান-প্রদান করতে এ অ্যাপটিকেই প্রাধান্য দেন অনেকে। এছাড়া অ্যাপের অডিও-ভিডিও কল কোয়ালিটি দারুণ, সঙ্গে নিরাপদ। অ্যাপটির জনপ্রিয়তা ধরে রাখতে এখানেও নতুন সব ফিচার যুক্ত করছে মেটা।

আরও পড়ুন: [নতুন ফাইভজি স্মার্টফোন আনছে নকিয়া](#)

**ইউটিউব:** টেক জায়ান্ট গুগলের ভিডিও স্ট্রিমিং প্লাটফর্ম ইউটিউব। যার ব্যবহারকারীর সংখ্যাও ২৭০ কোটির মতো। নতুন ফিচার, সাবস্ক্রিপশন প্ল্যানের মাধ্যমে এতে পরিবর্তন আনছে গুগল। শুধু বিনোদনের জন্য নয় অনেকে ইউটিউব চ্যানেল থেকে উপার্জনও করছেন। এ প্লাটফর্মে সিনেমা, গান নাটক থেকে শুরু করে যেকোনো বিষয়ের ভিডিও পেয়ে যাবেন খুব সহজে।

**টিকটক:** বেশ কয়েক বছর ধরেই টিকটক বিশ্বে ভীষণ জনপ্রিয় একটি অ্যাপ। নানা নিষেধাজ্ঞার পরও এর ব্যবহারকারীর সংখ্যা কোটিতে। টিকটককে কেন্দ্র করে প্রায় চলে আলোচনা-সমালোচনা। তবু দিন দিন বাড়ছে এ অ্যাপের চাহিদা।

**ইনস্টাগ্রাম:** বর্তমানে ইনস্টাগ্রাম খুবই জনপ্রিয় একটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম। ইনস্টাগ্রামের রিলস পৃথিবীতে খুবই জনপ্রিয়। প্রিয়জনের সঙ্গে কাটানো কোনো মুহূর্ত ভিডিও করে রিলসে শেয়ার করছেন। অনেক ব্যবহারকারী রিলস ভিডিও থেকে মাসে আয় করছেন শত শত টাকা। এ অ্যাপের চাহিদা বর্তমানে আকাশছোঁয়া।

আরও পড়ুন: [দুই বছরের মধ্যে রোলবল স্মার্টফোন আনবে স্যামসাং](#)

**মেসেঞ্জার:** হোয়াটসঅ্যাপের মতোই ভীষণ জনপ্রিয় মেসেঞ্জার। এ অ্যাপে রয়েছে অডিও-ভিডিও কলিং, মেসেজ-ভয়েস মেসেজ সুবিধা। আছে গ্রুপ চ্যাটিংয়ের সুবিধা। এছাড়া ভিডিও কলে ফিলটার ব্যবহারের ফিচার রয়েছে। এছাড়া বেশির ভাগ মানুষের ফোনে টুইটার, নেটফ্লিক্স এবং অ্যামাজন প্রাইম ইত্যাদির মতো অ্যাপও রয়েছে। তাছাড়া আজকাল ইনশট এবং পিকাসার্টের মতো এডিটিং অ্যাপগুলোও বেশ জনপ্রিয়।

-B